

সংখ্যা নং: ১৭/১৩/১৯৮৪  
তারিখ: ১৩/১১/২০১৬  
স্বাক্ষর: [স্বাক্ষর]  
পরিচালক, বিজ্ঞপ্তি হকায় কক্সার চন্দা দেওয়ান

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৪) ধারা মোতাবেক

বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থক্ষণ আদালত, নারায়নগঞ্জ

অর্থজারী মামলা নং- ৪৮/২০২৩

সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা। যাহা কোম্পানী আইন ১৯৯৪ অনুযায়ী প্রতিষ্ঠিত একটি পাবলিক লিমিটেড কোম্পানী, যাহার প্রধান কার্যালয় সোনালী ব্যাংক ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

.....ডিক্রীদার।

### -বনাম-

জনাব মোঃ মিয়া চাঁন, পিতা- মরহুম কালু মিয়া, মাতা- মরহুম- গুলবাহার, স্বত্বাধিকারী মেসার্স চাঁন টেক্সটাইল, সাং- গ্রাম- টোকশাদী, ডাকঘর- গোপালদী বাজার, উপজেলা- আড়াইহাজার, জেলা- নারায়নগঞ্জ।

.....দায়িকগন।

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ৮৮,০৪,২৫৫/- টাকা, ১৩/১১/২০১৬ ইং থেকে ০৮/০২/২০২৪ ইং পর্যন্ত সুদসহ সর্বমোট পাওনা ১,১৮,১৯,১৩৯/- (এক কোটি আঠার লক্ষ উনিশ হাজার একশত উনচল্লিশ) টাকা। নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদী আদায়ের নিমিত্তে অর্থক্ষণ আদালত, নারায়নগঞ্জ এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বাস্তবের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ১৩/১১/২০১৬ ইং তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আস্থান করা যাইতেছে।

### শর্তাবলীঃ

- ১। আগামী ১৩/১১/২০১৬ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাস্তবে নিলাম দরপত্র দাখিল করিতে হবে।
- ২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দর পত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র লিখে দাখিল করতে হবে।
- ৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- ৪। প্রত্যেক দর দাতা উদ্ধৃত দর অনূর্ণ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর-১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ণ- ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থক্ষণ আদালত, নারায়নগঞ্জ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৫। দর দাতা অনূর্ণ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ণ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।
- ৬। দরপত্র অপরাহ্ন ১২.০০ ঘটিকার মধ্যে আদালতে রক্ষিত দরপত্র বাস্তবে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐ দিন অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাগণ বা তাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র নাম্ব খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।



- ৭। দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ক্রেটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮। নিম্ন তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর দাতাকে বহণ করতে হবে।
- ৯। উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দর দাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ১০। কৃতকার্য দর দাতাদের অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল আদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। নিলামে অংশগ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখা অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
- ১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

### বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- নারায়ণগঞ্জ, থানা- আড়াইহাজার, মৌজা- টোক শাহাদী, জে.এল নং সাবেক ৪১০, আর.এস- ১০৮, খতিয়ান নং- সি.এস ৯, এস.এ ১৩ ও ৭, আর.এস- ৫৮ ও ১৯ নামজারী খতিয়ান নং- ৯০, ১৩৭, জোত নং- ৮৯, ১৩৬, দাগ নং- সি.এস ও এস.এ- ৭,৮,১৮ ও ৯ আর.এস- ৯,১১,২০,৮ মোট সম্পত্তির পরিমাণ (১+৮+১১+৭)= ২৭.০০ শতাংশ ও তদস্থিত নির্মাণ কাঠামোসহ বন্ধককৃত বটে। ইহার চৌহদ্দি- উত্তরে জাবেদ আলী, দক্ষিণে- ইদ্রিছ আলী, পূর্বে- হাফিজুর ও জাবেদা বিবি, পশ্চিমে- ফিরোজ মিয়া ও জাবেদ আলী।



আদালতের আদেশক্রমে-

সেরেসাদার

বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত,  
নারায়ণগঞ্জ